



# যমুনা ফার্টাইলাইজার কোম্পানী লিমিটেড

JAMUNA FERTILIZER COMPANY LTD.

(An Enterprise of Bangladesh Chemical Industries Corporation)

Tarakandi, Sarishabari, Jamalpur

সূত্র নং-৩৬.০১.৩৯৮৫.৫৬৭.(জিসি)৪৪২.২০২৫/ ১৫৩৭

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩২  
২৮ এপ্রিল ২০২৫

## “দপ্তরাদেশ”

শিল্প মন্ত্রণালয়ের সূত্র নং-৩৬.০০.০০০০.০০০.০৬২.০৮.০০০১.২৫.১৫৭ তারিখ ২২.০৪.২০২৫ এবং বিসিআইসি সূত্র নং-৩৬.০১.০০০০.১১৭.১৮.০০০.২০২৫.৫১২ তারিখ ২২.০৪.২০২৫ মোতাবেক অত্র কারখানার প্রশাসন বিভাগের স্কুল এন্ড কলেজ শাখায় কর্মরত প্রভাষক (বাংলা) জনাব এ. কে. এম. জহিরুল ইসলাম (৫১২৬-৮)-কে পবিত্র হজ্জব্রত পালনের জন্য আগামী ০৩.০৫.২০২৫ থেকে ১৬.০৬.২০২৫ তারিখ পর্যন্ত অথবা যাত্রা শুরুর তারিখ হতে মোট ৪৫ (পঁয়তাল্লিশ) দিন সৌদি আরব ভ্রমণের অনুমতিসহ বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। তাঁর ২৭.০৪.২০২৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ০৩.০৫.২০২৫ থেকে ১৬.০৬.২০২৫ তারিখ পর্যন্ত (৪৫x২)=৯০ (নব্বই) দিন অর্ধগড় বেতনের ছুটিকে পূর্ণগড় বেতনে রূপান্তর করে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন ছুটি মঞ্জুর করা হলো:

- (১) এ ভ্রমণের যাবতীয় ব্যয় ভার তিনি নিজস্ব তহবিল হতে নির্বাহ করবেন;
- (২) এতে বাংলাদেশ সরকার ও সংশ্লিষ্ট সংস্থার কোনরূপ আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (৩) বেতন ও ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রদেয় হবে না এবং
- (৪) বহিঃবাংলাদেশ অবস্থানের মেয়াদ কোনক্রমেই উল্লিখিত সময়ের অতিরিক্ত বৃদ্ধি করা যাবে না।

  
২৪/০৪/২৫

মোঃ মাহমুদুর রহমান  
ব্যবস্থাপক (নিরাপত্তা)  
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১) কর্মচারী প্রধান, বিসিআইসি, ঢাকা।
- ০২) উর্ধ্বতন মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।
- ০৩) মহাপরিচালক, এনএসআই, ঢাকা।
- ০৪) মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০৫) হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি, ঢাকা।
- ০৬) উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জেএফসিএল।
- ০৭) বিভাগীয় প্রধান (প্রশাসন), জেএফসিএল।
- ০৮) বিভাগীয় প্রধান (হিসাব ও অর্থ), জেএফসিএল।
- ০৯) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), জেএফসিএল স্কুল এন্ড কলেজ।
- ১০) ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/বেনাপোল স্থল বন্দর, যশোর/দর্শনা স্থল বন্দর, চুয়াডাঙ্গা।
- ১১) শাখা প্রধান (আইসিটি), জেএফসিএল।
- ১২) জনাব এ. কে. এম. জহিরুল ইসলাম, প্রভাষক (বাংলা), প্রশাসন/স্কুল এন্ড কলেজ, জেএফসিএল।
- ১৩) ব্যক্তিগত নথি।
- ১৪) মহা-নথি।